

## 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১২৩৫

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১৪২. রোগাক্রান্ত অবস্থায় সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম -এর সালাত

بَابِ مَا جَاءَ فِي صَلَاةِ رَسُولِ اللهِ عَلَيْلِ فِي مَرَضِهِ

আরবী

حَدَّثَنَا عَلِيٌّ بْنُ مُحَمَّدِ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ إِسْرَائِيلَ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَن الأَرْقَم بْن شُرَحْبيلَ، عَن ابْن عَبَّاس، قَالَ لَمَّا مَرضَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ مَرَضنَهُ الَّذِي مَاتَ فِيهِ كَانَ فِي بَيْتِ عَائِشَةَ . فَقَالَ " ادْعُوا لِي عَلِيًّا " . قَالَتْ عَائِشَةُ يَا رَسُولَ اللَّهِ نَدْعُو لَكَ أَبًا بَكْرِ قَالَ " ادْعُوهُ " . قَالَتْ حَفْصَةُ يَا رَسُولَ اللَّهِ نَدْعُو لَكَ عُمَرَ قَالَ " ادْعُوهُ " . قَالَتْ أُمُّ الْفَصْل يَا رَسُولَ اللَّهِ نَدْعُو لَكَ الْعَبَّاسَ قَالَ " نَعَمْ " . فَلَمَّا اجْتَمَعُوا رَفَعَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم - رَأْسَهُ فَنَظَرَ فَسَكَتَ فَقَالَ عُمَرُ قُومُوا عَنْ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ . ثُمَّ جَاءَ بلاَلٌ يُؤْذنُهُ بالصَّلاَةِ فَقَالَ " مُرُوا أَبَا بَكْر فَلْيُصِلّ بالنَّاس " . فَقَالَتْ عَائِشَةُ يَا رَسُولَ اللَّهِ إِنَّ أَبَا بَكْر رَجُلٌ رَقِيقٌ حَصِرٌ وَمَتَى لاَ يَرَاكَ يَبْكِي وَالنَّاسُ يَبْكُونَ فَلَوْ أَمَرْتَ عُمَرَ يُصلِّي بالنَّاسِ . فَخَرَجَ أَبُو بَكْرِ فَصلَّى بِالنَّاسِ فَوَجَدَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ مِنْ نَفْسِهِ خِفَّةً فَخَرَجَ يُهَادَى بَيْنَ رَجُلَيْن وَرِجْلاَهُ تَخُطَّانِ فِي الأَرْضِ فَلَمَّا رَآهُ النَّاسُ سَبَّحُوا بأَبِي بَكْرِ فَذَهَبَ لِيَسْتَأْخِرَ فَأَوْمَأً إِلَيْهِ النَّبِيُّ - صلى الله عليه وسلم - أَىْ مَكَانَكَ فَجَاءَ رَسُولُ اللَّهِ - صلى الله عليه وسلم ـ فَجَلَسَ عَنْ يَمِينِهِ وَقَامَ أَبُو بَكْر فَكَانَ أَبُو بَكْر يَأْتَمُّ بِالنَّبِيّ ـ صلى الله عليه وسلم ـ وَالنَّاسُ يَأْتَمُّونَ بِأَبِي بَكْرِ . قَالَ ابْنُ عَبَّاسٍ فَأَخَذَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ مِنَ الْقِرَاءَةِ مِنْ حَيْثُ كَانَ بَلَغَ أَبُو بَكْرِ . قَالَ وَكِيعٌ وَكَذَا السُّنَّةُ . قَالَ فَمَاتَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم - في مرضيه ذَلِكَ .

বাংলা



৩/১২৩৫। ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তাঁর মরণ ব্যাধিতে আক্রান্ত হওয়ার পর আয়িশাহ (রাঃ) এর ঘরে ছিলেন। তিনি বলেনঃ তোমরা আলীকে আমার নিকট ডেকে আনো। আয়িশাহ(রাঃ) বলেন, হে আল্লাহ্র রাসূল! আমরা আবূ বকরকেও আপনার নিকট ডেকে আনি? তিনি বলেনঃ তাকেও ডেকে আনো। হাফসা(রাঃ) বলেন, হে আল্লাহ্র রাসূল! আমরা উমারকেও আপনার নিকট ডেকে আনি? তিনি বলেনঃ তাকেও ডাকো।

উম্মুল ফাদল(রাঃ) বলেন, হে আল্লাহ্র রাসূল! আব্বাস (রাঃ) কেও আপনার নিকট ডেকে আনি? তিনি বলেনঃ হ্যাঁ। তারা একত্র হলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাথা উত্তোলন করে তাকান এবং নিশ্চুপ থাকেন উমার (রাঃ) বলেন, তোমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট থেকে উঠে যাও। অতঃপর বিলাল এসে তাঁকে সালাত (নামায/নামাজ) সম্পর্কে অবহিত করেন।

তিনি বলেনঃ আবূ বকরকে নির্দেশ দাও তিনি যেন লোকেদের নিয়ে সালাত পড়েন। আয়িশাহ(রাঃ) বলেন, হে আল্লাহ্র রাসূল! আবূ বকর নরম দিলের লোক, তিনি কিরাআত পড়তে সক্ষম হবেন না, তিনি আপনাকে দেখতে না পেলেই কেঁদে ফেলবেন এবং লোকেরাও কেঁদে ফেলবে। অতএব আপনি যদি উমার (রাঃ) কে লোকেদের সালাত পড়াবার নির্দেশ দিতেন! আবূ বকর(রাঃ) বেরিয়ে এসে লোকেদের সাথে নিয়ে সালাত শুরু করলেন।

ইত্যবসরে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম হালকা বোধ করলেন এবং দুজন লোকের উপর ভর করে তাঁর দু পা মাটিতে হেঁচড়াতে হেঁচড়াতে বের হলেন। লোকেরা তাকে দেখতে পেয়ে সুবহানাল্লাহ বলে আবূ বকর (রাঃ) কে সতর্ক করলো। তিনি পেছনে সরে যেতে উদ্যোগী হলে নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম তাকে ইশারা করে স্বস্থানে থাকতে বলেন।

নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এসে তার ডান পাশে বসলেন এবং আবূ বকর দাঁড়ালেন। আবূ বকর নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর ইকতিদা করলেন এবং লোকেরা আবূ বকর (রাঃ) এর ইকতিদা করলো। ইবনু আব্বাস বলেন, আবূ বকর(রাঃ) যে পর্যন্ত কিরাআত পড়েছিলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তারপর থেকে কিরাআত শুরু করেন।

ওয়াকী (রহ) বলেন, এটাই সুন্নাত। রাবী বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর এই রোগেই ইন্ডেকাল করেন।

## **English**

It was narrated that Ibn 'Abbas said:

"When the Messenger of Allah (ﷺ) fell ill with what would be his final illness, he was in the house of 'Aishah. He said: 'Call 'Ali for me.' 'Aishah said: 'O Messenger of Allah, should we call Abu Bakr for you?' He said: 'Call him.' Hafsah said: 'O Messenger of Allah, should we call 'Umar for you?' He said: 'Call him.' Ummul-Fadl said: 'O Messenger of Allah, should we call Al-'Abbas



for you?' He said: 'Yes.' When they had gathered, the Messenger of Allah (ﷺ) lifted his head, looked and fell silent. 'Umar said: 'Get up and leave the Messenger of Allah (ﷺ).' Then Bilal came to tell him that the time for prayer had come, and he said: 'Tell Abu Bakr to lead the people in prayer.' 'Aishah said: 'O Messenger of Allah, Abu Bakr is a soft and tender-hearted man, and if he does not see you, he will weep and the people will weep with him. If you tell 'Umar to lead the people in prayer (that would be better).' Abu Bakr went out and led the people in prayer, then the Messenger of Allah (ﷺ) felt a little better, so he came out, supported by two men, with his feet making lines along the ground. When the people saw him, they said: 'Subhan-Allah,' to alert Abu Bakr. He wanted to step back, but the Prophet (ﷺ) gestured him to stay where he was. Then the Messenger of Allah (ﷺ) came and sat on his right. Abu Bakr stood up and he was following the lead of the Prophet (ﷺ), and the people were following the lead of Abu Bakr. Ibn 'Abbas said; 'And the Messenger of Allah () started to recite from where Abu Bakr had reached.""

## ফুটনোট

তাখরীজ কুতুবৃত সিত্তাহ: আহমাদ ৩৩৪৫

তাহকীক আলবানী: হাসান।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন